# Times Today BD

জেলা প্রতিনিধি | রংপুর | 15 April, 2025

গাইবান্ধা-২ (সদর) আসনের সাবেক সংসদ সদস্য শাহ সারওয়ার কবিরকে দিনাজপুর থেকে গ্রেফতার করেছে পুলিশ।মঙ্গলবার রাত সোয়া ৮ টার দিকে পৌর শহরের ঈদগাহ বস্তি এলাকার দীবা গার্ডেন নামে একটি বাসা থেকে তাকে গ্রেফতার করা হয়।

বিষয়টি নিশ্চিত করেছেন দিনাজপুরের পুলিশ সুপার মারুফাত হুসাইন।

শাহ সারওয়ার কবির গাইবান্ধা-২ আসন থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে দ্বাদশ জাতীয় সংসদে নির্বাচিত হন। এর আগে তিনি গাইবান্ধা সদর উপজেলার চেয়ারম্যান ছিলেন এবং গাইবান্ধা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ছিলেন।তিনি গণপরিষদের প্রথম স্পিকার শাহ আব্দুল হামিদের দৌহিত্র।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গত ১ মার্চ থেকে দিনাজপুর শহরের ইদগাহবস্তি এলাকায় ভগিনীপতি আলতাফ হোসেনের বাড়িতে আত্মগোপনে ছিলেন শাহ সারওয়ার কবির।আলতাফ হোসেন দিনাজপুর শিক্ষা বোর্ডের সাবেক উপবিদ্যালয় পরিদর্শক ছিলেন।রাত সোয়া ৯টায় সেই বাসা থেকে তাকে গ্রেফতার করে কোতোয়ালি থানা হেফাজতে নেওয়া হয়েছে।

দিনাজপুরের পুলিশ সুপার মারুফাত হুসাইন বলেন, গত মার্চ মাস থেকে দিনাজপুর শহরের ওই বাসায় আত্মগোপনে ছিলেন সাবেক এই সংসদ সদস্য।তিনি গাইবান্ধার দুটি মামলার আসামি।পুলিশ সুপার বলেন, গোপন সংবাদের ভিত্তিতে আমরা শাহ সারওয়ার কবিরের অবস্থান জানতে পারি।রাতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়েছে।তিনি কোতোয়ালি থানা হেফাজতে থাকবেন।পরে গাইবান্ধা পুলিশের কাছে তাকে হস্তান্তর করা হবে।

পুলিশ সুপার এমপি গ্রেফতার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:45

URL: https://www.timestodaybd.com/public/rangpur/863813943